এরূপে উক্ত শ্রীমতী রাজলক্ষ্মী বিশ্বাস তাহার খরিদা জমিজমায় একক ষোলো আনা রকম নিব্যূঢ় স্বত্বে মালিক ও দখলীকারিনী হইয়া তাহার নিজ নাম পত্তন করিয়া উহার খাজনাদি আদায় দিতে থাকাকালীন ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া বিভিন্ন ব্যক্তিকে ভিন্ন ভিন্ন কোবালা দলিল দ্বারা বিক্রয় করিয়া উক্ত ১০১ নং খতিয়ানের ৫৯০ নং দাগের ৬২ শতক জমিজমার মধ্যে '৮' নং স্কীম প্লট ভূক্ত স্থানীয় মাপে কমবেশী ৪(চার) কাঠা ০(শূন্য) ছটাক ০(শূন্য) বর্গফুট শালি জমিজমা বিগত ইংরাজী ১৭ই মে ১৯৮৩ তারিখে মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ভলুম নং ৬৯, পৃষ্ঠা ৭৮ হইতে ৮৬, কোবালা দলিল যাহার নম্বর ২৮৩০ মূলে ২ নং ক্যানেল রোড, কোলকাতা-৭০০ ০৫৩, নিবাসী দেবকুমার বসু মহাশয়ের পত্নী শ্রীমতী সবিতা বসু মহাশয়াকে বিক্রয় করিয়া বিক্রীত উক্ত সম্পত্তি হইতে উক্ত শ্রীমতী রাজলক্ষ্মী বিশ্বাস চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

অতঃপর শ্রীমতী সবিতা বসু মহাশয়া উক্ত জমিজমা খরিদ করিয়া সরকার নির্দ্ধারিত ধার্য্য খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া ভোগদখল করিতে থাকাবস্থায় তাহার নগদ অর্থের একান্ত আবশ্যকে উক্ত "৮" নং স্কীম প্লট ভূক্ত স্থানীয় মাপে কমবেশী ৪(চার) কাঠা শালি জমিজমা বিক্রয় করিবার ঘোষণা করিলে সানিক ৯বি, চেতলা রোড, থানা-নিউ আলিপুর, কোলকাতা-৭০০ ০২৭ নিবাসী শ্রী মলয় বোস মহাশয়ের পুত্র শ্রী সুরজিৎ বোস তাহা অবগত হইয়া বিগত ইংরাজী ৮ ই মার্চ ১৯৯০ তারিখে ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস আলিপুরে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ৩৪৮১ নং দলিল মূলে তৎকালীন বাজারোচিত সর্ব্বোচ্চ পণ মূল্যে খরিদ করিয়া উহাতে অন্যের নিরাংশে ও নির্বিবাদে খাসে ভোগদখল খরত ষোলো আনা অংশের মালিক স্বত্বাধিকারী হয়েন।

অতঃপর উক্ত শ্রী সুরজিৎ বোস নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের প্রয়োজনে উক্ত কমবেশী ৪(চার) কাঠা শালি জমিজমা বিক্রয়ের ঘোষণা করিলে আমি অত্র কোবালা পত্র দাতা উক্ত সম্পত্তি সর্ব্বোচ্চ পণ মূল্যে খরিদ করিতে সম্মত হইলে বিকত ইংরাজী ২৪/০৩/২০০৬ সন তারিখে মোকাম আলিপুর ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী-২ অফিসে রেজিষ্ট্রী

ক্রমশ .....৬

